# AKASHVANI(AIR)

## RNU: KOLKATA
## Bengali Text Bulletin

**Date 03-03-2026** **Time: 1.30 PM**

---

**বিশেষ বিশেষ খবর –**

১) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, ভারতের মজবুত অর্থনীতি বিকশিত ভারতের দৃষ্টিভঙ্গিকে কার্যকর করার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ স্তম্ভ হয়ে উঠেছে।

# তিনি ভিডিও কনফারেন্সিং-এর মাধ্যমে বাজেট পরবর্তী এক ওয়েবিনারে অংশ নেন।

২) ইজরায়েল- মার্কিন যৌথ বাহিনী এবং ইরানের মধ্যে সংঘাত আরও তীব্র হয়ে উঠেছে।

# পশ্চিম এশিয়ায় ক্রমবর্ধমান সংঘাতের মধ্যেই হোয়াইট হাউসে আজ জার্মান চ্যান্সেলর ফ্রিডরিশ মার্জের সাথে মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প সাক্ষাৎ করবেন।

৩) নাগরিকত্ব সংশোধন আইন (CAA) এর অধীনে ভারতীয় নাগরিকত্বের আবেদনের বিষয়ে সিদ্ধান্ত নেওয়ার জন্য কেন্দ্র, পশ্চিমবঙ্গে আরও দুটি কমিটি গঠন করেছে।

৪) আজ রং-এর উৎসব দোল যাত্রা। ফাল্গুনী পূর্ণিমায় ঋতুরাজ বসন্তের আবাহনে সাধারণ মানুষ মেতে উঠেছে রং-এর খেলায়।

৫) ভারত আজ বার্মিংহ্যামে অল ইংল্যান্ড ব্যাডমিন্টন প্রতিযোগিতায় তাদের অভিযান শুরু করছে।

ooooooooooooooooooooooooooooooo

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, ভারত তার মজবুত শক্তিশালী অর্থনীতির মাধ্যমে গোটা বিশ্বের নজর কেড়েছে। ভিডিও কনফারেন্সিং-এর মাধ্যমে বাজেট পরবর্তী এক

ওয়েবিনারে তিনি বলেছেন, দ্রুত অর্থনৈতিক উন্নয়ন বিকশিত ভারতের দৃষ্টিভঙ্গিকে কার্যকর করার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ স্তম্ভ হয়ে উঠেছে। এবারের বাজেট পরবর্তী ওয়েবিনারের মূল ভাবনা ছিল, অর্থনৈতিক বৃদ্ধিকে স্থিতিশীল ও শক্তিশালী করা। এ প্রসঙ্গে তিনি বলেন, বিশ্ব আজ নির্ভরযোগ্য অংশীদার খুঁজছে, এক্ষেত্রে ভারত মূল চালিকাশক্তি হয়ে উঠেছে।

(বাইট-প্রধানমন্ত্রী)

তিনি বলেন, সরকারের মূল উদ্দেশ্য হলো, আরও বেশি উৎপাদন, আরও বেশি সংযোগ এবং আরও বেশি রফতানি। ভারত বিভিন্ন দেশের সঙ্গে মুক্ত বাণিজ্যে প্রবেশ করেছে যার জন্য নতুন নতুন সুযোগ উন্মুক্ত হচ্ছে।

(বাইট-প্রধানমন্ত্রী)

শ্রী মোদী শিল্প সংস্থাগুলিকে আরও গবেষণা এবং মানোন্নয়নের পরামর্শ দিয়েছেন। বাজেটে বায়োফার্মা শক্তি প্রকল্পের জন্য বিশেষ উদ্যোগ নেওয়া হয়েছে, যার উদ্দেশ্য হল বায়োফার্মা শিল্পে ভারতকে সারাবিশ্বের মূল কেন্দ্র হিসেবে প্রতিষ্ঠা করা।

(PM--BIOPHARMA--SHAKTI-MISSION)

ooooooooooooooooooooooooooooooo

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর ইউটিউবে তাঁর সাবস্ক্রাইবার সংখ্যা ৩ কোটির মাইলফলক অতিক্রম করেছে। তিনি বর্তমানে এই সমাজমাধ্যমে বিশ্বনেতাদের মধ্যে শীর্ষে রয়েছেন।

উল্লেখ্য, শ্রী মোদী ২০০৭ সালে ইউটিউবে যোগদান করেন। ব্রাজিলের প্রাক্তন রাষ্ট্রপতি জাইর বোলসনারো ৬০ লক্ষেরও বেশী সাবস্ক্রাইবার নিয়ে দ্বিতীয় স্থানে আছেন। মার্কিন রাষ্ট্রপতি ডোনাল্ড ট্রাম্পের চেয়ে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর সাবস্ক্রাইবার সংখ্যা ৭ গুণেরও বেশি বলে জানা গেছে।

oooooooooooooooooooooooooooooooo

ইরান এবং ইজরায়েল মার্কিন যৌথ বাহিনী নতুন করে ক্ষেপণাস্ত্র ও ড্রোন হামলা শুরু করায় পশ্চিম এশিয়ায় সংঘাত তীব্র হয়ে উঠেছে। ইরান সমর্থিত সামরিক গোষ্ঠী সংযুক্ত আরব আমিরশাহি, কুয়েত এবং বাহরিন সহ পশ্চিম এশিয়ার একাধিক দেশে মার্কিন ঘাঁটি লক্ষ্য করে আঘাত হেনেছে। অন্যদিকে, যুক্তরাষ্ট্র ও ইজরায়েল, তেহেরানে একাধিক সামরিক ঘাঁটিতে হামলা চালিয়েছে।

এদিকে, মার্কিন রাষ্ট্রপতি ডোনাল্ড ট্রাম্প জানিয়েছেন, মার্কিন যুক্তরাষ্ট্রের লক্ষ্য হল, ইরানের ক্ষেপণাস্ত্র ক্ষমতা ধ্বংস করে দেওয়া। এছাড়াও, তারা যাতে পারমাণবিক অস্ত্র তৈরি করতে না পারে তাও নিশ্চিত করা ওয়াশিংটনের উদ্দেশ্য। মার্কিন রাষ্ট্রপতি আবারও হুঁশিয়ারি দিয়ে বলেছেন, ইরানে এখনও আসল অভিযান শুরু হয়নি। প্রয়োজনে সেদেশে মার্কিন সেনা পাঠাতে তিনি দ্বিধা করবেন না।

এদিকে, মার্কিন বিদেশসচিব মার্কো রুবিও বলেছেন, ইরানকে কঠোর শাস্তি দিতে তার দেশ প্রস্তুত। এই অভিযান শেষ হলে গোটা বিশ্ব আরও নিরাপদ হয়ে উঠবে।

পেন্টাগনে এক প্রেস বিবৃতিতে মার্কিন প্রতিরক্ষা সচিব পিট হেগসেথ বলেছেন, মার্কিন বাহিনীর B2 স্টিলথ বোমারু বিমান, ইরানের ব্যালিস্টিক ক্ষেপণাস্ত্র পরিকাঠামোয় ২ হাজার পাউন্ড বোমা নিক্ষেপ করেছে।

ইজরায়েলের প্রধানমন্ত্রী বেঞ্জামিন নেতানিয়াহু বেইট সেমেস পরিদর্শন করার পর সাধারণ মানুষের সঙ্গে মতবিনিময় করেন। তিনি বলেন, মার্কিন যুক্তরাষ্ট্র এবং গোটা

বিশ্ব ভয়ঙ্কর বিপদের মুখে পড়েছে। অপারেশন রোরিং লায়ন এই পরিস্থিতির মোকাবিলায় চেষ্টা চালাচ্ছে।

এদিকে, ইসলামিক রেভোলিউশনারি গার্ড জানিয়েছে, তাঁদের সর্বোচ্চ নেতা এবং শীর্ষ আধিকারিকদের সাম্প্রতিক মৃত্যুতেও ইরানের তেমন কোনও ক্ষতি হয়নি, বরং তারা আরও শক্তিশালী হয়ে উঠেছে। তাদের শত্রুরা বিশ্বে কোথাও নিরাপদে থাকতে

পারবে বলেও হুঁশিয়ারি দিয়েছে তারা। এদিকে, ইরানের রাষ্ট্রপতি মাসুদ পেজেশকিয়ান, মাজিদ এবনেলরেজাকে ভারপ্রাপ্ত প্রতিরক্ষা মন্ত্রী নিযুক্ত করেছেন। সংযুক্ত আরব আমিরশাহির প্রতিরক্ষা মন্ত্রক জানিয়েছে, তারা সফল ভাবে ৯ টি ব্যালিস্টিক ক্ষেপণাস্ত্র, ৬ টি ক্রুজ ক্ষেপণাস্ত্র এবং ১ শো ৪৮ টি ড্রোন প্রতিহত করেছে। অন্যদিকে, ইরানের বিদেশমন্ত্রী সৈয়দ আব্বাস আরাঘচি বলেছেন, মার্কিন ইজরায়েলি বোমা হামলায় একটি প্রাথমিক স্কুলে হামলায় ১ শো ৬০ জনেরও বেশি নিহত হয়েছেন।

oooooooooooooooooooooooooooooooo

পশ্চিম এশিয়ায় ক্রমবর্ধমান সংঘাতের মধ্যেই আজ ওয়াশিংটন ডিসির হোয়াইট হাউসে জার্মান চ্যান্সেলর ফ্রিডরিশ মার্জের সাথে মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প সাক্ষাৎ করবেন। উভয় নেতার মধ্যে আলোচনার পর ওভাল অফিসে একটি দ্বিপাক্ষিক বৈঠক হবে। সমাজমাধ্যমের এক বার্তায় গত রবিবার জার্মান চ্যান্সেলর বলেছেন, তিনি পশ্চিম এশিয়ার সাম্প্রতিক ঘটনাবলী নিয়ে মার্কিন প্রেসিডেন্ট ট্রাম্পের সঙ্গে কথা বলবেন। ইউরোপ, ইজরায়েল এবং বৃহত্তর অঞ্চলের কৌশলগত অংশীদারদের সঙ্গে ঘনিষ্ঠ যোগাযোগ রেখে চলেছেন বলেও তিনি জানান। শূন্যগর্ভ বক্তৃতা নয়, বরং মিত্র দেশের পাশে কৌশলগত উদ্দেশ্যে দাঁড়ানোই তাঁদের মূল লক্ষ্য। এর আগে, জার্মান চ্যান্সেলর ইরানের পারমাণবিক কর্মসূচিরও বিরোধিতা করেছিলেন, এবং ইরানকে, ইজরায়েল এবং ওই অঞ্চলের অন্যান্য দেশগুলির বিরুদ্ধে সামরিক আগ্রাসন বন্ধ করার আহ্বান জানিয়েছিলেন।

oooooooooooooooooooooooooooooooo

মার্কিন যুক্তরাষ্ট্রের সেন্ট্রাল কম্যান্ড জানিয়েছে, তাদের ধারাবাহিক অভিযানে ইসলামিক রেভোলিউশনারি গার্ড ইরানের প্রতিরক্ষা ক্ষমতা, ক্ষেপণাস্ত্র ও ড্রোন উৎক্ষেপণ কেন্দ্র, সামরিক বিমানঘাঁটি ধ্বংস হয়েছে। সমাজমাধ্যমে এক বার্তায় জানানো হয়েছে, এই অভিযানে মার্কিন যুক্তরাষ্ট্রের ৬ সেনা নিহত হয়েছেন। মার্কিন

বাহিনী সম্প্রতি তাদের আরও ২ সেনার দেহ উদ্ধার করেছে। তবে, উড়ানে তাদের অভিযান অব্যাহত রাখা হবে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

মার্কিন ফার্স্ট লেডি মেলানিয়া ট্রাম্প "সংঘাতপ্রবণ অঞ্চলে শিশু এবং শিক্ষা" বিষয়ক রাষ্ট্রসংঘের নিরাপত্তা পরিষদের একটি বৈঠকে সভাপতিত্ব করেন। ইরানে, মার্কিন যুক্তরাষ্ট্র ও ইজরায়েলের হামলার পর রাষ্ট্রসংঘ শিশু সুরক্ষা সম্পর্কে সতর্ক করে দেওয়ার দুদিন পর এই বৈঠক। মেলানিয়া ট্রাম্পের কার্যালয় জানিয়েছে, "সংঘাতপ্রবণ এলাকায় শিশু, প্রযুক্তি এবং শিক্ষা" শীর্ষক এই বৈঠকে সহনশীলতা এবং বিশ্ব শান্তির লক্ষ্যে শিক্ষার ওপর জোর দেওয়ার কথা বলা হয়েছে। নিরাপত্তা পরিষদে দেওয়া এক ভাষণে তিনি জানিয়েছেন, মার্কিন যুক্তরাষ্ট্র বিশ্বজুড়ে সকল শিশুর পাশে আছে। প্রথমবারের মতো যে কোনও বিশ্বনেতার স্ত্রী ১৫ সদস্যের নিরাপত্তা পরিষদের বৈঠকে সভাপতিত্ব করেছেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

পশ্চিম এশিয়ার অশান্ত পরিস্থিতির মধ্যেই আজ দুবাই থেকে এয়ার ইন্ডিয়ার একটি বিমান নতুন দিল্লিতে অবতরণ করেছে। সমাজমাধ্যমের এক বার্তায় এয়ার ইন্ডিয়া জানিয়েছে, বিমানটিতে ১ শো ৪৯ জন যাত্রী ও ৮ জন ক্রু সদস্য ছিলেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

টানা ৫ দিন সংঘর্ষের পর আফগান বাহিনী ডুরান্ড লাইনে সীমান্তবর্তী গুরুত্বপূর্ণ পাকিস্তানের সামরিক চৌকিগুলি নিজেদের নিয়ন্ত্রণে এনেছে। আফগানিস্তানের প্রতিরক্ষা মন্ত্রক জানিয়েছে, সেদেশের অভ্যন্তরে পাকিস্তানি বিমানবাহিনীর সাম্প্রতিক বিমান হামলার পর আফগান সেনারা পাকিস্তানি ঘাঁটিতে হামলা চালায়। কান্দাহার প্রদেশে একাধিক পাকিস্তানি চৌকি দখল করা হয়েছে বলে আফগান আধিকারিকরা জানিয়েছেন।

oooooooooooooooooooooooooooooo

নাগরিকত্ব সংশোধন আইন (CAA) এর অধীনে ভারতীয় নাগরিকত্বের আবেদনের বিষয়ে সিদ্ধান্ত নেওয়ার জন্য কেন্দ্র, পশ্চিমবঙ্গে আরও দুটি কমিটি গঠন করেছে। একটি গেজেট বিজ্ঞপ্তিতে, কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রক জানিয়েছে, কমিটির শীর্ষে থাকবেন ভারত সরকারের ডেপুটি সেক্রেটারির পদমর্যাদার নীচে নয় এমন একজন আধিকারিক। এই আধিকারিককে মনোনীত করবেন ভারতের রেজিস্ট্রার জেনারেল এবং আদমশুমারি কমিশনার। বিপুল সংখ্যক আবেদনের দ্রুত নিষ্পত্তির জন্য দুটি অতিরিক্ত প্যানেল গঠনের সিদ্ধান্তও নেওয়া হয়েছে। পশ্চিমবঙ্গে ইতিমধ্যেই এমন দুটি কমিটি রয়েছে।

CAA আইন পাকিস্তান, আফগানিস্তান এবং বাংলাদেশ থেকে আসা হিন্দু, শিখ, খ্রিস্টান, বৌদ্ধ, জৈন এবং পার্সি - থেকে আসা অভিবাসীদের নাগরিকত্ব প্রদানের ব্যবস্থা করে, যারা তাদের নিজ দেশে ধর্মীয় নিপীড়নের আশঙ্কায় 31 ডিসেম্বর, 2014 এর আগে ভারতে এসেছিলেন।

ooooooooooooooooooooooooooooooo

আজকের প্রসঙ্গ-এ আজ শুনবেন বিশেষ আলোচনা বিশ্ব রাজনৈতিক প্রেক্ষাপটে ভারত। প্রফেসর ইমন কল্যাণ লাহিড়ীর সঙ্গে কথা বলেছেন কল্যাণ লাহা। আকাশবাণী সংবাদ বিভাগ প্রযোজিত অনুষ্ঠানটির প্রথম পর্ব শুনবেন আজ রাত আটটায় গীতাঞ্জলি ও আকাশবাণী সংবাদ সোশ্যাল মিডিয়া প্লাটফর্মে।

দ্বিতীয় তথা শেষ পর্ব শোনা যাবে রাত সাড়ে নটায় গীতাঞ্জলি ও আকাশবাণী সংবাদ সোশ্যাল মিডিয়া প্লাটফর্মে।

ooooooooooooooooooooooooooooooo

আজ রঙের উৎসব দোলযাত্রা।

(গান- রং উৎসব)

বসন্তের এই উদযাপনে আবির গুলালে পরস্পরকে রাঙিয়ে দিচ্ছেন। আট থেকে আশি পশ্চিমবঙ্গের প্রায় সকলেই।

একদিকে দোল পূর্ণিমা অন্যদিকে শ্রীচৈতন্য মহাপ্রভুর আবির্ভাব দিবস উপলক্ষে পশ্চিমবঙ্গের নদীয়া জেলাজুড়ে উৎসবের আবহ।

oooooooooooooooooooooooooooooo

চলতি বছরের প্রথম পূর্ণ চন্দ্রগ্রহণ হতে চলেছে আজ। বিকেল তিনটে কুড়ি মিনিটে গ্রহণ শুরু হয়ে শেষ হবে ৬ টা বেজে ৪৮ মিনিটে। পূর্ণ চন্দ্রগ্রহণ স্থায়ী হবে ৪ টে ৩৪ থেকে ৫ টা বেজে ৩৩ মিনিট পর্যন্ত। চাঁদ ওঠার সময় দেশের পশ্চিম অংশের কিছু জায়গা ছাড়া প্রায় সব জায়গা থেকেই এই গ্রহণ দেখা যাবে।

oooooooooooooooooooooooooooooo

ভারত আজ বার্মিংহ্যামে অল ইংল্যান্ড ব্যাডমিন্টন প্রতিযোগিতায় তাদের অভিযান শুরু করছে। ৫ টি বিভাগে ১২ সদস্যের ভারতীয় দল এবারের প্রতিযোগিতায় অংশ নিচ্ছে।

মারকিন-ইরান সংঘর্ষে উপসাগরীয় অঞ্চলে বিমান পরিবহণ বন্ধ হয়ে যাওয়ায় ভারতের দুবারের অলিম্পিক পদকজয়ী পি ভি সিন্ধু প্রতিযোগিতায় অংশ নিতে পারবেন না। সিন্ধুর অনুপস্থিতিতে লক্ষ্য সেন ভারতকে নেতৃত্ব দেবেন। পুরুষদের সিঙ্গেলসে লক্ষ্য সেন, আজ বিশ্বের প্রথম স্থানাধিকারী চিনের শি ইউ কি-র বিরুদ্ধে খেলবেন।

oooooooooooooooooooooooooooooo

oooooooooooooooooooooooooooooo